রাষ্ট্রায়ত্ত তিন ব্যাংকে এমডি পদে পুনঃনিয়োগ

অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ রাষ্ট্রায়ত্ত সোনালী, রূপালী ও অগ্রণী ব্যাংকে ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও সিইও পদে তিনজনকে পুনঃনিয়োগ দেয়া হয়েছে।

আর তারা হলেন-আতাউর রহমান প্রধান, উবায়েদ উল্লাহ আল মাসুদ ও মোহাম্মদ সামস-উল ইসলাম। এই তিনজনকেই আগামী তিন বছরের জন্য নতুন করে এ দায়িত্ব দেয়া হয়েছে। গতকাল মঙ্গলবার তাদের পুনঃনিয়োগের বিষয়ে আদেশ জারি করেছে। এবার সোনালী ব্যাংকের এমডি উবায়েদ উল্লাহ আল মাসুদকে রূপালী ব্যাংকে, ও রূপালী ব্যাংকের এমডি আতাউর রহমান প্রধানকে সোনালী ব্যাংকে পদায়ন করা হয়েছে। অন্যদিকে অগ্রণী ব্যাংকের এমডি মোহাম্মদ সামস-উল ইসলামকে স্বস্থানেই বহাল রাখা হয়েছে।